ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬২০
কুমারঘাট, ২৯ আগস্ট, ২০২৫

**রাজ্যভিত্তিক অনূর্দ্ধ ১৭ বছরের বালক ও বালিকাদের হ্যান্ডবল প্রতিযোগিতা ২-৪ সেপ্টেম্বর কুমারঘাটে**

রাজ্যভিত্তিক অনুর্দ্ধ ১৭ বছরের বালক ও বালিকা বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতা আগামী ২-৪ সেপ্টেম্বর কুমারঘাটের নয়দ্রোন হাই স্কুলে আয়োজিত হবে। আজ কুমারঘাটের পঞ্চায়েতী রাজ ট্রেইনিং ইনস্টিটিউটে এক প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি তথা ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের চেয়ারম্যান অমলেন্দু দাস। তিনি বলেন, রাজ্যভিত্তিক এই প্রতিযোগিতার আসর আয়োজনে ব্যবস্থাপনা থেকে শুরু করে কোথাও যেন কোন ত্রুটি না থাকে সেজন্য এর সাথে যুক্ত সংশ্লিষ্ট দপ্তরগুলোকে বিশেষ গুরুত্ব দিতে হবে। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমন দাস, ভাইস চেয়ারম্যান শংকর দেব ও কুমারঘাট পঞ্চায়েত সমিতির ক্রীড়া, শিক্ষা ও স্বাস্থ্য স্থায়ী কমিটির চেয়ারম্যান শিবেন্দু ঘোষ। তিনদিনব্যাপী প্রতিযোগিতার আসরে রাজ্যের ৮টি জেলা থেকে ১৬টি টিম অংশ নেবে। প্রস্তুতি সভা থেকে সভাধিপতি অমলেন্দু দাসকে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে।

*******